

## চট্টগ্রাম বিমানবন্দরে অগ্নি নির্বাপন মহড়া

- A Monitor Desk Report

Date: 04 December, 2025



**চট্টগ্রাম :** বিভাগীয় শহরের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে নিরাপত্তা সক্ষমতা যাচাইয়ের অংশ হিসেবে মাঝারি পরিসরের অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়েছে।

বুধবার(৩ ডিসেম্বর) বেলা ১১টা ১৫ মিনিটে কার্গো ওয়ারহাউস সংলগ্ন খোলা স্থানে এ মহড়ার আয়োজন করে বিমানবন্দর কর্তৃপক্ষ।

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদরদপ্তরের নির্দেশনা অনুযায়ী আয়োজন করা এ মহড়ায় অংশ নেয় বিমানবন্দরের ফায়ার শাখা, এভসেক, এপিবিএন, বাংলাদেশ বিমানবাহিনী, নৌবাহিনী, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেডিকেল টিমসহ অন্যান্য অংশীজন।

মহড়ার স্ক্রিপ্ট অনুযায়ী কার্গো ওয়ারহাউসের পাশে থাকা পরিত্যক্ত ময়লায় হঠাৎ আগুন ধরে গেলে তা দ্রুত চারদিকে ছড়িয়ে পড়ার পরিস্থিতি তৈরি হয়। এ সময় বিমানবন্দরের কন্ট্রোল টাওয়ার থেকে সংশ্লিষ্ট সব ইউনিটকে তাৎক্ষণিক বার্তা পাঠানো হয়। পরে ফায়ার টিম, বিমানবাহিনী, নৌবাহিনী, ফায়ার সার্ভিস ও অন্যান্য অংশীজন দ্রুত ঘটনাস্থলে পৌঁছে অল্প সময়ের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে আনে।

মহড়া পর্যবেক্ষণ করেন বিমানবন্দরের পরিচালক গ্রুপ ক্যাপ্টেন শেখ আব্দুল্লাহ আলমগীর। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিমানবন্দরের স্যাটো সাধন কুমার মহন্ত, সহকারী পরিচালক (ফায়ার) আব্দুল্লাহ আল মমিন এবং বিমানবন্দরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানায়, নিয়মিত এ ধরনের মহড়ার মাধ্যমে জরুরি পরিস্থিতি মোকাবিলায় সংশ্লিষ্ট সব ইউনিটের সমন্বয় ও প্রস্তুতি আরও শক্তিশালী হয়।

-B

